

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৭-২৭৪

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০।  
২২ জুন ২০২৩।

বিষয়: হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিষদের অফিস সহায়ক পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ-এর স্মারক নং-৩১; তারিখ: ০৪ জুন ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিষদে নিম্নে বর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র: নং	উপজেলা ও জেলার নাম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫)	মন্তব্য
০১	নবীগঞ্জ, হবিগঞ্জ	অফিস সহায়ক	০১ (এক) টি	৮২৫০-২০০১০/- (২০নং গ্রেড)	

নিয়োগের শর্তাবলী:

- নিয়োগপ্রাপ্ত কর্মচারীর বেতন-ভাতাদি উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের কোড নং-১৩৭, সচিবালয় কোড-১৩৭০১০১ এবং স্থানীয় সরকার বিভাগ ১৪৬০০০০০ খাত থেকে নির্বাহ করা হবে।
- বর্ণিত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এস.আর.ও নং-৩৮৭-আইন/২০১০) ও এতদসংক্রান্ত বিদ্যমান সকল পরিপত্র/ নীতিমালা/সাকুলার/ বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।
- উল্লিখিত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশা/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।
- বর্ণিত পদে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নাম, পিতা ও মাতার নাম, পদবী, ঠিকানা (স্থায়ী ও অস্থায়ী), বেতনগ্রেড, শিক্ষাগত যোগ্যতা, যোগদানের তারিখ, প্রত্যয়ন ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর নামযুক্ত সিলসহ স্বাক্ষরে সরাসরি সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- মাননীয় আদালতে কোন মামলার পরিপ্রেক্ষিতে নিষেধাজ্ঞা থাকলে বর্ণিত পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যাবে না।
- এ ছাড়পত্রের মেয়াদ পত্র জারির পর থেকে ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

২২/০৬/২০২৩

(ড. মাসুরা বেগম)

উপসচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।